



জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।

www.zplalmonirhat.gov.bd

নম্বর: ৪৬.৪২.৫২০০.০০২.১৪.০০১.২৬-৩৭৬

তারিখ: ১৫ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ


২০২৬-২০২৭ অর্থবছরে জেলা পরিষদ, লালমনিরহাটের ঠিকাদারী লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি:

এতদ্বারা সংশ্লিষ্ট সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থ বছরের পিপিএ-২০০৬ ও পিপিআর-২০২৫ মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতির ক্ষেত্রে লালমনিরহাট জেলা পরিষদের ঠিকাদারী প্রতিষ্ঠানের "ঠিকাদারী লাইসেন্স নবায়ন" করার জন্য আহ্বান করা হচ্ছে। ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্ত ঠিকাদারগণ আগামী ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখ হতে ০৯/০৭/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত নিম্নে বর্ণিত নবায়ন ফি প্রদান সাপেক্ষে নবায়ন করার জন্য বিশেষ ভাবে বলা হলো।

ক্র. নং	নবায়ন ফি	১৫% ভ্যাট	সর্বমোট
০১	২,০০০/-	৩০০/-	২,৩০০/-

শর্তসমূহ:

- ১। তালিকাভুক্ত ঠিকাদারী লাইসেন্স নবায়ন ব্যতীত জেলা পরিষদ লালমনিরহাটের উন্নয়ন প্রকল্পের দরপত্রে অংশগ্রহণ করা যাবে না।
- ২। পরপর দুই অর্থবছরে নবায়ন না করা হলে উক্ত তালিকাভুক্ত বাতিল বলে গণ্য করা হবে, পরবর্তীতে নতুনভাবে তালিকাভুক্তি করণের আবেদন করতে হবে।
- ৩। সংযুক্ত আবেদনের সাথে নিম্নবর্ণিত প্রমাণ পত্রাদি অবশ্যই সংযুক্ত করতে হবে:
ক) নবায়ন কালে লাইসেন্স বই।
খ) হালনাগাদকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।
গ) আয়কর ও ভ্যাট প্রদানের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
ঘ) নবায়ন ফি (১৫% ভ্যাট)সহ যে কোন তফসিলি ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট, বরাবর পে-অর্ডার আকারে জমা প্রদান করতে হবে।
- ৪। বিদ্যমান তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জানার জন্য অনুরোধ করা হলো।
- ৫। উল্লেখ্য, কোন কারণ দর্শানো ব্যতিরেকে নবায়ন বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


২৯/০৬/২০২৬

মোঃ রাশেদুল ইসলাম
সহকারী প্রকৌশলী

জেলা পরিষদ, লালমনিরহাট।

মোবাইল : ০১৭৮৫-৪৫৯১৮১

ই-মেইলঃ zplalmonirhat@lgd.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৩। জেলা প্রশাসক, লালমনিরহাট।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
- ৫। পুলিশ সুপার, লালমনিরহাট।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট।
- ৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ সওজ বিভাগ/ গণপূর্ত অধিদপ্তর/ পাউবো, লালমনিরহাট।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর/ আদিতমারী/কাশীগঞ্জ/হাতীবান্ধা/পাটখাম উপজেলা, লালমনিরহাট।
- ৯। জনাব-----।
- ১০। অফিস কপি।